



## বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা  
উন্নয়ন শাখা  
প্রশাসন অনুবিভাগ  
[www.idra.org.bd](http://www.idra.org.bd)

স্মারক নং- ৫৩.০৩.০০০০.০১৭.১৭.০১১.১৭. ১৩৭

তারিখঃ ২২ মে ২০১৯

### সংবাদ বিজ্ঞপ্তি


বিষয়: বীমা আইন, ২০১০ লঙ্ঘন করায় বায়রা লাইফ ইন্স্যুরেন্স কোঃ লিঃ কে কারণ দর্শানোর প্রেস রিলিজ প্রসঙ্গে।

বীমা আইন, ২০১০ এর ৯৫ ধারার বিধান মোতাবেক বায়রা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিঃ এ প্রশাসক নিয়োগ কেন দেয়া হবে না এবং বর্তমান পরিচালনা পর্ষদের কার্যক্রম সাময়িক স্থগিত করা কেন হবে না তৎমর্মে গত ২১ মে ২০১৯ তারিখ কারণ দর্শানোর জন্য বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ হতে নোটিশ প্রেরণ করা হয়েছে।

বায়রা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিঃ কর্তৃক বীমা গ্রাহকদের দাবির অর্থ পরিশোধ না করার বিষয়ে অসংখ্য পরিমান অভিযোগ কর্তৃপক্ষের নিকট হস্তগত হয়েছে। কোম্পানির সার্বিক ব্যবস্থাপনার বিষয়ে কর্তৃপক্ষের বিভিন্ন তদন্তে অব্যবস্থাপনার চিত্র উৎঘাটিত হয়েছে। কর্তৃপক্ষের তদন্তে এবং কোম্পানি কর্তৃক ২০০৯-২০১৮ সাল পর্যন্ত কর্তৃপক্ষে দাখিলকৃত বিভিন্ন তথ্য বিশ্লেষণ সাপেক্ষে বায়রা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিঃ এর এহেন কর্মকাণ্ডে পলিসিগ্রাহকের মারো বিরূপ প্রতিক্রিয়া দেখা দিয়েছে এবং বীমা খাতে নেতিবাচক প্রভাব পড়ছে, ফলশ্রুতিতে কর্তৃপক্ষের তথা সরকারের দারস্থ হচ্ছে। মাঠ পর্যায়ে কোম্পানির এজেন্টগণ গ্রাহকদের ক্রোধের স্বীকার হচ্ছেন মর্মে কর্তৃপক্ষে একাধিক আবেদনে উল্লেখ করেছেন। এক কথায় বায়রা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিঃ পরিচালনা কাঠামো সম্পূর্ণ ভেঙ্গে পড়েছে মর্মে প্রতিয়মান হয়েছে।

বায়রা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিঃ এর পরিচালনা পর্ষদ ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অদক্ষ ব্যবস্থাপনায় বীমা গ্রাহকদের স্বার্থ সংরক্ষণে সম্পূর্ণ ব্যর্থ হয়েছে সাথে সাথে বীমা খাতের তীব্র ইমেজ সংকট সৃষ্টি করেছে এবং বীমা আইন, ২০১০ এর ৩০, ৩২, ৪৯, ৬২, ৭২, ৭৬, ৮০ ও ১৩১ ধারা ও অন্যান্য বীমা বিধি-বিধান লংঘন করেছে যা কোম্পানিটিকে একটি অকার্যকর বীমাকারী হিসেবে পরিণত করেছে। সেহেতু কেন বীমা আইন, ২০১০ এর ৯৫ ধারার বিধান মোতাবেক বায়রা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিঃ এ প্রশাসক নিয়োগ দেয়া হবে না এবং বর্তমান পরিচালনা পর্ষদের কার্যক্রম সাময়িক স্থগিত করার জন্য কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়েছে।

সংযুক্তঃ বর্ণনা মোতাবেক ৪ (চার) ফর্দ।

  
(কামরুল হক হোসেন)  
পরিচালক (প্রশাসন)

#### অনুলিপি (জ্ঞাতার্থে):

১. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
২. সদস্য মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
৩. অফিস নথি।

